

শিক্ষা মন্ত্রণালয়ের এডিপি বাস্তবায়নের হার প্রথম ৬ মাসে ৩৩ শতাংশ

ইত্তেফাক রিপোর্টে

চলতি অর্থ বছরের প্রথম ৬ মাসে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের হার ৩৩ শতাংশ। তম শিক্ষা বাজেট অব্যয় উন্নয়ন ব্যয় হয়েছে ৩ হাজার ৭১ কোটি টাকা। এর মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বাজেট ব্যয় ১ হাজার ৬৪৬ কোটি টাকা। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন ব্যয় ১ হাজার ৪২৫ কোটি টাকা।

গত রবিবার অর্থ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত শিক্ষা মন্ত্রণালয়ের এডিপি পর্যালোচনা বৈঠকে এ তথ্য জানান হয়। বৈঠকে সতাপতিত্ব করেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম সাইফুর রহমান। প্রতে জানান হয়, চলতি বছরে এডিপি বাস্তবায়নের হার আগের বছরের তুলনায় বেশি।

বৈঠকে ৫টি মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিকে পরিণত করা এবং ঢাকায় আরো ৫টি মডেল স্কুল স্থাপনের কাজে অগ্রগতি হচ্ছে বলে অবহিত করা হয়। স্কুল পর্যায় (৫ম পৃঃ ৫-এর কঃ ৫ঃ)

শিক্ষা মন্ত্রণালয়ের

(৩য় পৃঃ পর)

উপস্থিত বিষয়েও এতে আলোচনা হয়।

বৈঠকে অর্থমন্ত্রী এমপিওভুক্ত স্কুলের কর্মকর্তা নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, এখানে অপচয় হচ্ছে। কিছু স্কুল আছে যেখানে ছাত্র নেই, কিংবা শিক্ষক নেই।

শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, সময়মত অর্থ ছাড় না হওয়ার কিছু প্রকল্পের কার্যক্রম কাজে বিলম্বিত হচ্ছে। তারা অর্থ মন্ত্রণালয় থেকে দ্রুত অর্থ ছাড়ের বিষয়ে অর্থমন্ত্রীর দৃষ্টি কামনা করেন।

পরে অর্থমন্ত্রী সাংবাদিকদের জানান, এডিপি বাস্তবায়নে যেকোনো অগ্রগতি হয়েছে। অন্যান্য বছরের তুলনায় এ বছরে ব্যয়ও সঠিকভাবে হচ্ছে। উন্নয়ন প্রকল্পগুলোর কার্যক্রম অগ্রগতি নিয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন।